গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব ইফতেখার ইউনুস, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ১৫/০৯/২০২১ খ্রি., বেলা ১০.৩০ টা
সভার স্থান ঃ অনলাইন জুম প্ল্যাটফর্ম
সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট - ক) দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে অনলাইনে সভার কার্যক্রম শুরু করেন এবং করোনা ভাইরাস সংক্রমন মোকাবেলায় স্বাস্থ্যবিধি মেনে চলাসহ আইন শৃংখলা রক্ষার সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ সভাপতি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করেন। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকলে তা অনুমোদন ও গ্রহণ করা যেতে পারে বলে সকলে মত প্রকাশ করেন।	কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া।
২	উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক ঃ সভাপতি উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের নাম দিয়ে এক শ্রেণির মানুষ মোবাইলের মাধ্যমে আর্থিক সুবিধার প্রলোভন দেখিয়ে বীর মুক্তিযোদ্ধাসহ অনেকের অর্থ আদায় করার জন্য কাজে লিপ্ত রয়েছে। তাদেরকে চিহ্নত করে আইনের আওতায় আনা দরকার। এ বিষয়ে মোবাইলে ট্র্যাকিং মাধ্যমে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে আহ্বান জানান। সভাপতি আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে সভাকে জানানোর জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানালে চেয়ারম্যান, পদুয়া/বেতাগী ও চন্দ্রঘোণা কদমতলী ইউ,পি জানান, বর্তানে রাঙ্গুনিয়ায় আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। ইউনিয়ন সমূহে গ্রাম পুলিশের পদ শূন্যতার কারণে কাজে কর্মে বিঘ্নিত ঘটছে। গ্রাম পুলিশের শূন্য পদ পূরণ করা প্রয়োজন। চেয়ারম্যান, চন্দ্রঘোণা কদমতলী ইউ,পি পুলিশ বিভাগের ওপেন হাউস ডে অনুষ্ঠিত হয়েছে এবং ১ জন সন্ত্রাসী কার্যক্রমে লিপ্ত ব্যক্তি গ্রেফতার হয়। তিনি উপজেলা প্রশাসনসহ অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানাকে ধন্যবাদ জানান এবং পুলিশের ওপেন হাউস ডে আইন শৃঙ্খলা উন্নয়নে জনগুরুত্বপূর্ণ মন্তব্য করেন। সভাপতি জানান, গ্রাম পুলিশের নিয়োগ কার্যক্রম প্রক্রীয়াধীন রয়েছে এবং আইন শৃঙ্খলা উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের জন্য সকল জনপ্রতিনিধিদের আহ্বান জানান। সভাপতি আইন শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে আলোচনার পর অবৈধ কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে নির্দেশনা দেন এবং আগস্ট-২০২১ মাসের অপরাধ চিত্র সভায় পেশ করার জন্য অনুরোধ করেন। অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা জানান, আইন শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে পুলিশ বিভাগ ওপেন হাউস ডে এলাকা ভিত্তিক অনুষ্ঠিত হচ্ছে এবং চুরি, ডাকাতির সাথে জড়িত ও মাদক ব্যবসায়ী/ব্যবহারকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম অব্যাহত আছে মর্মে সভাকে অবহিত করে আগস্ট-২০২১ মাসের অপরাধ চিত্র পেশ করেন।	১) ওয়ারেন্টভুক্ত আসামীদের আইনের আওতায় আনাসহ আইন শৃঙ্খলা উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ২) মোবাইলে অর্থ আদায়ে কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রশাসন, অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম ও সংশ্লিষ্ট সকল।

CamScanner

	<table><tr><th>ক্রঃনং</th><th>বিবরন</th><th>সংখ্যা</th></tr><tr><td>১</td><td>খুন</td><td>১</td></tr><tr><td>২</td><td>অস্ত্র আইন</td><td>১</td></tr><tr><td>৩</td><td>চুরি</td><td>১</td></tr><tr><td>৪</td><td>ধর্ষণ</td><td>১</td></tr><tr><td>৫</td><td>সিডেল চুরি</td><td>১</td></tr><tr><td>৬</td><td>মাদক</td><td>৪</td></tr><tr><td>৭</td><td>দস্যুতা আইন শৃংখলা ভংগ</td><td>২</td></tr><tr><td>৮</td><td>অন্যান্য</td><td>১০</td></tr><tr><td></td><td>সর্বমোট</td><td>২২</td></tr></table> বিস্তারিত আলোচনায় সভাপতি বিভিন্ন অপরাধ রোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম কে নির্দেশনা দেন।		
৩	মাদক/ইয়াবা সংক্রান্ত ঃ মাদক ব্যবহার সংক্রান্ত বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনায় মাদকের সহিত জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে নিদেশনা দেন এবং এ বিষয়ে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য জনপ্রতিনিদিদের আহ্বান জানান।	মাদক-ইয়াবা ব্যবসায়ী এবং চুরি কার্যক্রমে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম ও জনপ্রতিনিধিগণ।
৪	কোভিড-১৯ করোনা ভাইরাস এবং টিকা প্রদান সংক্রান্ত ঃ কোভিড-১৯ করোনা ভাইরাস টিকা প্রদান কার্যক্রম এর বিস্তারিত কোভিড-১৯ করোনা ভাইরাস টিকা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। আলোচনায় সভাপতি জানান, টিকা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। কর্তৃপক্ষের নির্দেশনা মতে স্বাস্থ্য বিভাগ কর্তৃক টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে অব্যাহত প্রচেষ্টা রয়েছে। কোভিড-১৯ আক্রান্তের প্রতিরোধ বিষয়ে "নো মাস্ক নো সার্ভিস" কার্যক্রম অব্যহত থাকবে।	বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নসহ স্বাস্থ্যবিধি মেনে চলা, মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করা এবং টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।
৫	ভ্রাম্যমান আদালত পরিচালনা সংক্রান্ত ঃ ভ্রাম্যমান আদালত পরিচালনা কার্যক্রম আওতায় সভাপতি জানান, ভ্রাম্যমান আদালত পরিচালনা কার্যক্রম আওতায় অবৈধ ভাবে পাহাড় কাটা, বালু উত্তোলনকারী/ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে। তিনি ভ্রাম্যমান আদালত চলাকালে আইন- শৃঙ্খলা রক্ষায় সকলের প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন।	ভ্রাম্যমান আদালত কার্যক্রম অব্যাহত রাখার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান, উপজেলার উন্নয়নে সকলেই একযোগে কাজ করতে হবে। প্রশাসনকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতাসহ বিভাগীয় দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনে সংশ্লিষ্ট সকলকে তিনি আহ্বান জানান।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং: ০২৩৩৪৪৫৯৬৬৫
ইমেইল: unorangunia@mopa.gov.bd

CamScanner

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২১-৭০৫

তারিখ: ৩১ ভাদ্র, ১৪২৮ বাংলা / ১৫ সেপ্টেম্বর ২০২১ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহমুদ এম. পি, মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি;
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম;
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম;
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম;

সদয় অবগতির জন্য।

৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম;
৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম;
৭। উপজেলা .... কর্মকর্তা (সকল) রাঙ্গুনিয়া, চট্টগ্রাম;
৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম;
৯। জনাব .... রাঙ্গুনিয়া, চট্টগ্রাম;
১০। অফিস নথি।

১৫/০৯/২০২১

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

CamScanner